2863 500Rs.

INDIA NON JUDICIAL

৫০০রু. Rs 500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

Admissible under Regn. rule 21
... u/s ..5......
W.B. L.R. Act 1955
... under the Indian
... As amended in
... 76 ... 83
Schedule I A ...
F. Fee ... Paid — Fees paid
in C.F.S.

JT. SUB-REGISTRAR
ALIPORE AT BEHALA

দান পত্র দলিল, থানা বেহালা।

****************************************

দানকৃত সম্পত্তির মূল্য ১০০০০ দশ হাজার টাকা।

********************************************************

দানপত্র গৃহিতা :-

**********

শ্রী জয় কুমার চৌধুরী পিতা মৃত জীবন কৃষ্ণ চৌধুরী
জাতি হিন্দু, পেশা চাকুরী সাং ৭৫ নং নেতাজী সুভাষ রোড
থানা বেহালা, কলিকাতা - ৩৪, জেলা ২৪ পরগণা।

নিজ নামে খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া রসিদাদি গ্রহণ করিয়া খাস দখলে

দশ রুপয়ে

सत्यमेव जयते

भारत

INDIA

TEN RUPEES

10RS

দানপত্র দাত্রী :-
**********

শ্রীমতী ছায়াময়া চৌধুরী স্বামী মৃত জীবন কৃষ্ণ চৌধুরী জাতি হিন্দু, পেশা গৃহস্থালী সাকিন ৭৫ নং নেতাজী সুভাষ রোড থানা বেহালা, কলিকাতা - ৬০, জেলা ২৪ পরগণা।

কস্য স্থল ৪ নং বিধি মতে অকৃষি প্রজা স্বত্ব বিশিষ্ট মুক্তে ১ কাঠা ১৫ ছটাক ২ স্কোয়ার ফুট ( এক কাঠা পনের ছটাক দুই স্কোয়ার ফুট) বাস্তু জমি সায় তদুপরিস্থিত ১টি ছাদ যুক্ত শয়ন ঘর, ১টি ড্রয়িং রুম, ১টি রান্না ঘর সায় বাথরুম সায় পায়খানা সায় বারান্দা সহ সাজ পাট আদি সহ সর্ব প্রকার রাইট অব ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তির দরবস্ত হক হকুক সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় শুভ নিস্বত্ব দানপত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

নিজ নামে খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া রসিদাদি গ্রহণ করিয়া [illegible]

INDIA

तीन रुपये

सत्यमेव जयते

THREE RUPEES भारत THREE RUPEES

॥ ৩॥

জেলা ২৪ পরগণা থানা বেহালা, সাবরেজেষ্ট্রী জয়েন্ট আলিপুর এ্যাট্ বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অন্তর্গত পরগণা মালিয়া, তৌজি নং ৩৪৬ ভুক্ত রে: সা: নং ৮৮ জে: এল: নং ২, মৌজা বেহালা গ্রামে সাবেক ১৩০৬ নং খতিয়ানের হাল ৫৫৫৫ নং খতিয়ানে সাবেক ৩৫৩১ নং দাগের হাল ৮৩০৪ নং দাগের মধ্যে ৩ কাঠা ১ ছটাক ৩০ বর্গফুট অথবা তিন কাঠা এক ছটাক ত্রিশ বর্গ ফুট জমি আমি বিগত ইং ১৮।৩।১৯৮০ তাং ৬০।সি ভবনাথ সেন স্ট্রীট (শ্যাম বাজার) থানা চিৎপুর নিবাসী সমরেন্দ্র নাথ চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে এককেতা রেজেষ্ট্রীযুক্ত সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া তাহাতে খাস দখল গ্রহণ করত: নিজ নামে পত্তন করিয়া নিজ অর্থে ও স্বার্থে ইমারতাদি নির্মাণ করিয়া খাসে বসবাস আদির দ্বারা অন্যের নিরাপদে ও নির্ব্যূঢ় স্বত্বে অদ্যাবধিকালতক ভোগবতী ও দখলকারিণী আছি ও হইতেছি।

আমার উক্ত খরিদা দলিল বেহালা সাবরেজেষ্ট্রী অফিসে ১ নং বুকে ১৭

নিজ নামে খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া রসিদাদি গ্রহণ করিয়া খাজনা

3Rs
INDIA
तीन रुपये
सत्यमेव जयते
THREE RUPEES भारत THREE RUPEES
तीन रुपये



নম্বর ভলুমে ১৪৫ হইতে ১৪৯ নং পাতায় ১৫৮ নং সাফ বিক্রয় কোবালা দলিল রূপে সন ইং ১৯৪০ সালে লিপিবদ্ধ আছে। হাল রিভিসনাল সেটেলমেন্ট জরিপে উক্ত সম্পত্তি আমার নামে ষোল আনা রকমে রেকর্ড ভুক্ত আছে। তুমি অত্র দানপত্র গ্রহিতা আমার স্নেহের কনিষ্ঠপুত্র হইতেছ। আমি তোমার সেবায় যত্নে ও ব্যবহারে পরম সন্তুষ্ট ও মুগ্ধ হইয়া উক্ত ও নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত ১ কাঠা ১৫ ছটাক ২ বর্গ ফুট বাস্তু জমি সহ ইমারতাদি তোমাকে দান করিব ইহা আমি অনেক দিন হইতে মনে মনে পোষণ করিয়া আসিতেছি। এক্ষণে আমার উক্ত মনের বাসনা চরিতার্থ করিবার সুসময় উপস্থিত হইয়াছে সেইকারণে আমি উক্ত ও নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত সম্পত্তি তোমাকে দান করিবার ইচ্ছা প্রকাশ করায় তুমি আমার এই দান সানন্দ চিত্তে গ্রহণ করিতে স্বীকৃত হইয়াছ ইহাতে আমি পরম তৃপ্তিলাভ করিতেছি।

এতকারণ অত্র দানপত্র দলিল তোমার নামে বরাবর স্বেচ্ছায় সহি সম্পাদন ও রেজেস্টারী করিয়া দিয়া আমি এতদ্বারা স্বীকার অঙ্গীকার, প্রচার, প্রকাশ ও ঘোষণা করিতেছি যে :-

নিজ নামে খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া রসিদাদি গ্রহণ করিয়া সকল

॥ ৫॥

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে অদ্য হইতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, হক হকিয়াতাদি ছিল বা আছে তদসমুদয় অদ্য আমা হইতে সম্পূর্ণরূপে ধ্বংস ও বিলুপ্ত হইয়া তোমাতে অর্পিল ও বর্তিল। তুমি অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি দান, বিক্রয়, বন্ধকাদি যাবতীয় হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি যাবতীয় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছামত পরম সুখে ভোগ দখল করিতে থাকহ। তাহাতে আমি কিম্বা আমার অপর কোন ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণ কেহ কস্মিনকালেও কোনও প্রকারের ওজরআপত্তি বা দাবী দাওয়া করিব না বা করিতে পারিবেক না করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে নামঞ্জুর বাতিল ও অগ্রাহ্য হইবেক।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ইতিপূর্বে আমি অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধকাদি লিখিত বা মৌখিক বায়নাদি কোনও প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উহাতে কোন প্রকার মালি মোকদ্দমা দায়ের নাই। উহা কোনও আদালত হইতে ক্রোকাবদ্ধ বা নীলাম বিক্রয়াদি হয় নাই। উহা কোনও গভর্ণমেন্ট কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা কোনও নোটিশ হয় নাই বা পাই নাই। উহা কোনও দেবোত্তর, পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নিদায় ও নির্দোষ অবস্থায় আছে ও তদাবস্থায় তোমাকে দান করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্বা ও দখলীহীনা হইলাম এবং অদ্যাই তোমাকে খোলসা খাস দখল বুঝাইয়া দিলাম।

তুমি অত্র দানপত্র দলিল বলে বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটিতে ও বর্তমান মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার সেরেস্তায় নিজ নাম সত্তা করতঃ নিজ নামে খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া রসিদাদি গ্রহণ করিয়া থাকে নির্ব্যূঢ়

স্বত্বে ও অন্যের বিনা স্বত্ব সত্ত্বে ভোগ দখল করিতে থাকিবে।

আরও প্রকাশ থাকে যে আমি অদ্য তারিখে আমার স্নেহের জ্যেষ্ঠ পুত্র শ্রী কালিদাস চৌধুরির নাম বরাবর আরও একখানা দানপত্র দলিল লিখিয়া সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিলাম।

প্রকাশ থাকে যে উক্ত কালিদাসের প্রাপ্ত সম্পত্তির মধ্যে উত্তর-পশ্চিম কোনে যে শয়ন ঘর আছে উক্ত ঘরের মধ্য দিয়া সম্পূর্ণ বাটির ইলেকট্রিক সার্ভিস গিয়াছে ও তোমার ড্রয়িং রুমে উক্ত ইলেকট্রিক মিটার বকস লাগান আছে এবং কালিদাসকে প্রদত্ত সম্পত্তির দক্ষিণ পশ্চিম কোনে যে জল কলের পাইপ কানেকশান আছে উক্ত ইলেকট্রিক কানেকসান, মিটার বকস্, জল কলের কানেকসান উক্ত স্থানেই চিরকাল এর জন্য বহাল ও বলবৎ থাকিবে তাহাতে কাহারও কোন প্রকার আপত্তি বা দাবী দাওয়া রহিল না বা থাকিল না এবং তোমরা উভয়েই উক্ত ইলেকট্রিক ও জল চিরকালের জন্য নির্বিবাদে যদৃচ্ছামত ব্যবহার করিতে পারিবেক। তোমরা ভবিষ্যতে ইচ্ছা করিলে তোমাদের সুবিধামত উক্ত ইলেকট্রিক সার্ভিস ও জল কলের কানেকসান তোমরা নিজ নিজ সম্পত্তির উপর পৃথক পৃথক ভাবে করিয়া লইতে পারিবেক।

আমার আর উহার কোন স্বত্ব বা অংশীদার নাই। তোমরাই এক্ষণে মালিক হইতেছি।


এতদর্থে সুস্থ শরীরে স্বজ্ঞানে স্বইচ্ছায় সরল অন্তঃকরণে অন্যের বিনা প্ররোচনায় অত্র দানপত্রের মর্ম সম্যক অবগত হইয়া উপস্থিত সাক্ষীগণের সমক্ষে অত্র দানপত্র

দলিল তোমার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিলাম। ইতি সন ইং ১৯৮১ সালের - ১০ই সেপ্টেম্বর, বাংলা সন ১৩৮৮ সালের ২৪শে ভাদ্র।

উপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি :-

**************************************

জেলা ২৪ পরগণা, থানা বেহালা, সাবরেজেষ্ট্রী জয়েন্ট আলিপুর এ্যাট বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অন্তর্গত পরগণা বালিয়া তৌজি নম্বর ৩৪৬ ভুক্ত রে: সা: নম্বর ৮৫ জে: এল: নং ২ মৌজা বেহালা গ্রামে সাবেক ১৯০৬ নং খতিয়ানের হাল ৫৫৫৫ নং খতিয়ান ভুক্ত সাবেক ৬৬৮১ নম্বর দাগের হাল রিভিসনাল সেটেলমেন্ট জরিপের ৬৩১ ৪ আট হাজার তিন শত চৌদ্দ নম্বর দাগের মধ্যে আমার খরিদা ৩ কাঠা ১ ছটাক ৩০ বর্গ ফুট বাস্তু জমির মধ্যে ১ এক কাঠা ১৫ পনের ছটাক ২ দুই স্কোয়ার ফুট বাস্তু জমি সায় তদুপরিস্থিত ছাদ বিশিষ্ট ১টি শয়ন ঘর, ১টি ড্রয়িং রুম, ১টি রান্না ঘর, বাথরুম, পায়খানা সায় সকল প্রকার সাজ পাযাদি সহ সর্ব্ব প্রকার রাইট অব ইজমেন্ট সুত্রাদি সমেত সম্পত্তি যাহাঅত্র সহ সম্বলিত নকসায় সবুজ রঙের রেখা দ্বারা সীমাবদ্ধ করা রহিল উহাই অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। অত্র সহ সম্বলিত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া সর্ব্বত্র গণ্য হইবেক। উক্ত খতিয়ানে মোট সম্পত্তির বার্ষিক খাজনা ১' ৩০ টাকা, দানকৃত সম্পত্তির বার্ষিক হারাহারি খাজনা ৬৫ পয়সা বর্তমান মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা জেলার কালেক্টার বাহাদুর সেরেস্তায়



SITE PLAN AT- NETAJI SUBASH ROAD, P.S. MOUZA- BEHALA
JOY K. CHOWDHURY
1/8" = 1'-0" FOOT
C.S. KHATIAN NO.- 1906. DAG NO.- 6581.
DIST- 24- PARGANAS
NETAJI SUBASH ROAD.
DRAIN
OPEN LAND
DRAWING 10'-0" x 9'-6"
BED ROOM 15'-0" x 10'-0"
BED ROOM 10'-6" x 10'-6"
BED ROOM 15'-0" x 10'-6"
VERANDAH
KITCHEN
45'-0"
DRAIN
Chhaya moyee chowdhury

0 Rs.

Chhaya Moyee Ghosh

॥৮॥

আদায় দিতে হয়। উক্ত সম্পত্তি বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির ৪ নং ওয়ার্ডের ৫৮/৪০ নম্বর নেতাজী সুভাষ রোড নামক হোলডিং ভুক্ত সম্পত্তি হইতেছে।

চৌহদ্দি :-
*******

| | |
|---|---|
| উত্তর - | নেতাজী সুভাষ রোড নামক মিউনিসিপ্যাল রোড। |
| দক্ষিণ - | শ্রী নীলকন্ঠ চ্যাটার্জীর জমি ও বিলডিং |
| পূর্ব - | মিউনিসিপ্যাল ড্রেন। |
| পশ্চিম - | আমার জেষ্ঠ পুত্র শ্রী কালিদাস চৌধুরীকে অদ্য তারিখে দিয়ত দানকৃত সম্পত্তি |

দানকৃত সম্পত্তির মূল্য ১০,০০০ টাকা দশ হাজার টাকা মাত্র।

শ্রী নম কুমার চৌধুরী

ইসাদী :-
******
1. Mohalakshmi Ghosh - 14, Gavtala Lane Calcutta - 60.
2. - Sri Nilan Chandra Mondal. 32. Goala Para Road, Behala, Cal 60.

টাইপকারক :-

...পুর পুলিশ কোর্ট
...কাতা - ৭০০০২৭।